# ALL INDIA RADIO, SILCHAR

*************

**EVENING BULLETIN: BENGALI**

**DATE: 14 MARCH, 2024**

**TIME: 19:45 HRS (7:45 PM IST)**

---

১) আসামে শিল্পের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি হোয়া সহ গত দুবছরে ৫০ লক্ষ টাকার বিনিয়োগ হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) রাজ্য সরকারের কর্মচারীদের জন্য গত পয়লা জানুয়ারী থেকে কার্জকর হোয়া মহার্ঘ ভাতা ৪ শতাংশ বৃদ্ধি ।

৩) উত্তরপূর্বাঞ্চলের সামগ্রীক উন্নয়নের প্রতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুরুত্ব আরোপ করার জন্য গত ১০ বছরে অঞ্চলটির উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে বলে কেন্দ্রী অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণের প্রকাশ ।

৪) ভারতের বিকাশের গতিকে রোধ করতে পারে এমন শক্তি এখোনো নেই বলে বরপেটায় দলীয় সভায় প্রতিরক্ষা মন্ত্রি রাজনাথ সিং এর প্রকাশ ।

এবং

৫) সরকারী বিদ্যালয়ের শৈক্ষিক মান নিরুপণের জন্য গুণোৎসব ২০২৪ এর ফলাফল ঘোষনা । শিবসাগর জেলার প্রথম স্থান লাভ ।

---

আসামে শিল্পের জন্য অনুকূল পরিবেশ সৃষ্টি হোয়ার ফলে গত দুবছরে রাজ্যে ৫০ লক্ষ কোটি টাকার বিনিয়োগ হয়েছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা দিসপুরে এক সাংবাদিক সম্মেলনে জানান । তিনি বলেন যে সরকারের সঠিক নীতির জন্য বেশ কয়েকটি বৃহৎ কোম্পানী আসামে বিনিয়োগের জন্য আগ্রহী হয়েছে । তিনি বলেন যে উত্তরপূর্বাঞ্চল শিল্প উন্নীতিকরণ প্রকল্পের অধীনে সরকারী সাহায্য হিসেবে কেন্দ্রীয় সরকার মোট ১০ হাজার কোটি টাকা প্রদান করেছে । ড: শর্মা বলেন যে এই প্রকল্পের অধীনে ১ কোটি টাকা পর্যন্ত ব্যয় সাপেক্ষ শিল্প স্থাপন করা সকলকে ৭ দশমিক ৫ শতাংশ সরকারী সাহায্য প্রদান করা হবে । একই সময়ে ব্যাংক ঋণের ক্ষেত্রে ও তারা ৫ শতাংশ রেহাই পাবেন ।তিনি বলেন যে উৎপাদন ক্ষেত্রের সংগে জড়িত শিল্প স্থাপন করা সব ব্যাক্তি এই প্রকল্পের অধীনে কেন্দ্রীয় জি এস টি র অর্থ ফেরৎ পাবেন । মুখ্যমন্ত্রী বলেন যে ঋণ নিশ্চয়তা প্রকল্পের অধীনে মুলধন অর্থ ফিরিয়ে দেওয়ার জন্য এস আই ডি বি আই এর সংগে সম্পাদিত চুক্তি অনুযায়ী বিভিন্ন জাতীয়করণ ব্যাংক আসামের ক্ষুদ্র শিল্পগুলিকে ২০ লক্ষ কোটি টাকার ঋণ প্রদান করেছে ।মুখ্যমন্ত্রী

বলেন যে সরকার সবুজ শক্তি শিল্পকে উৎসাহিত করার নীতি , আসাম বৈদ্যুতিক শিল্পকে উৎসাহ প্রদান করার ব্যবস্থা ওকরেছে ।যাতে আগামী দিনে বিভিন্ন বৈদ্যুতিক সামগ্রীর শিল্পের ব্যবস্থা করা যায় ।মুখ্যমন্ত্রী আগামী দিনে রাজ্যটির শিল্পের ক্ষেত্রে অধিক অগ্রসর হোয়ার পথ প্রশস্ত হয়েছে বলে ও মন্তব্য করেন ।

---

আসাম সরকার রাজ্যের কর্মচারীদের জন্য গত পয়লা জানুয়ারী থেকে কার্যকর হোয়া মহার্ঘ ভাতা ৪ শতাংশ বৃদ্ধি করেছে ।সেই অনুযায়ি আগামী এপ্রিল মাসের বেতনের সংগে ৪ শতাংশ মহার্ঘ ভাতা যোগ হোয়া সহ বকেয়া অর্থ চলতি বছরের মে জুন ও জুলাই মাসে প্রদান করা হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ জনতা ভবনে এক সাংবাদিক সম্মেলনে একথা ঘোষনা করেন । এর ফলে ৪ লক্ষ রাজ্য কর্মচারী ও প্রায় সাড়ে ৩ লক্ষ পেনশনার উপকৃত হবেন । এই বৃদ্ধির ফলে রাজ্যের কর্মচারীদের মহার্ঘ ভাতা ৫০ শতাংশে বৃদ্ধি পেয়েছে ।মুখ্যমন্ত্রী বহাগ বিহু উপলক্ষে সরকারী কর্মচারীদের মহার্ঘ ভাতা বৃদ্ধির সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে ঘোষনা করেন । মুখ্যমন্ত্রী সাংবাদিক সম্মেলনে বলেন যে প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ে এখন থেকে চতুর্থ শ্রেণীর কর্মচারী নিযুক্তির ক্ষেত্রে গ্রাম প্রধান থেকে ও উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট পঞ্চায়েত থেকে মেধার ভিত্তিতে বেকার যুবক যুবতীকে নিযুক্তি দেওয়া হবে বলে জানিয়েছেন ।

---

উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলির সামগ্রীক উন্নয়নের ওপর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গুরুত্ব আরোপ করার জন্যই গত ১০ বছরে অঞ্চলটির উল্লেখযোগ্য পরিবর্তন হয়েছে বলে কেন্দ্রীয় অর্থ মন্ত্রী নির্মলা সীতারমণ আজ আই আই টি গৌহাটীতে প্রকাশ করেন । শ্রীমতী সীতারমণ বলেন যে প্রধানমন্ত্রীর আরোপ করা গুরুত্বের জন্য কেন্দ্রীয় মন্ত্রীদের মধ্যে প্রায় বেশ কয়েকজন মন্ত্রী গত ১০ বছরে ৮৫০ বার অঞ্চলটি সফর করেছেন । আই আই টি গৌহাটীতে বিকশিত ভারত এম্বেসেডর কেম্পাস ডায়লগ শীর্ষক অনুষ্ঠানে মুল বক্তৃতা প্রদান করে মন্ত্রী একথা উল্লেখ করেন । তিনি বলেন যে উত্তরপূর্বাঞ্চলের উন্নয়নের ক্ষেত্রে যথেষ্ট সম্ভাবনা রয়েছে ও অঞ্চলটির যুব প্রজন্ম যথেষ্ট উৎসাহী ও উদ্যমী । প্রধানমন্ত্রী উত্তরপূর্বের রাজ্যগুলিকে ভারতের উন্নয়নের ইঞ্জিন হিসেবে অভিহিত করেছেন । এদিকে এই রাজ্যগুলিতে সবধরণের সুবিধা লাভ করা কেন্দ্রীয় সরকার নিশ্চিত করে আসছে বলে মন্ত্রী জানান ।

---

এক দেশ এক নির্বাচন সম্পর্কে এক উচ্চস্তরীয় কমিটি আজ নতুন দিল্লীতে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর হাতে তাঁদের প্রতিবেদন দাখিল করেছে । প্রাক্তন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দের অধ্যক্ষতায় গঠিত এই কমিটি রাষ্ট্রপতির কাছে আজ তাঁদের প্রতিবেদন দাখিল করে । কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ , আইন ও ন্যায় মন্ত্রী অর্জুন রাম মেঘাওয়াল ,পঞ্চদশ অর্থ কমিশনের প্রাক্তন অধ্যক্ষ এন কে সিং সহ অন্যান্যদের উপস্থিতিতে এই প্রতিবেদন দাখিল করা হয় ।
আইন ও ন্যায় মন্ত্রণালয়ের প্রকাশ করা তথ্য অনুসারে এক দেশ এক নির্বাচন হচ্ছে অভিলাসী ভারতের মূল ভিত । মন্ত্রণালয় জানিয়েছে যে ১৮ হাজার ৬২৬ পৃষ্ঠার এই প্রতিবেদনে অংশীদার ও বিশেষজ্ঞদের পরামর্শ সহ ১৯১ দিনের গবেষণার গুরুত্বপূর্ণ দিকগুলি অর্ন্তভুক্ত করা হয়েছে ।

---

আজ বিশ্ব কিডনি দিবস । কিডনির স্বাস্থ্য ও অংগটির স্বাভাবিক কাজকর্মে ব্যাঘাত ঘটানো বিভিন্ন রোগের বিষয়ে জনসাধারণের মধ্যে সচেতনতা সৃষ্টির উদ্দেশ্যে প্রতিবছর মার্চ মাসের দ্বিতীয় বৃহস্পতিবার এই দিবস পালন করা

হয় । এবছর এই দিবসের মূল বিষয়বস্তু হচ্ছে কিডনী হেলথ ফর অল অর্থাৎ সকলের জন্য কিডনীর স্বাস্থ্য । এর মাধ্যমে গুরুতর কিডনী রোগের বৃদ্ধি পাবার আশঙ্কা এবং বিভিন্ন পর্যায়ের প্রত্যাহ্বানের সম্মুখীন হবার জন্য কিডনীর যত্নের ওপর গুরুত্ব আরোপ করা হয়েছে । কিডনী শরীরের একটি গুরুত্বপূর্ণ অঙ্গ যা বিষাক্ত পদার্থগুলি শরীর থেকে বের করে শরীরকে সুস্থ সবল রাখতে সহায়তা করে । নতুন দিল্লীর অখিল ভারতীয় আয়ুর্বিজ্ঞান প্রতিষ্টানের কিডনী রোগ বিভাগের বিশেষজ্ঞ ডা: দীপঙ্কর ভৌমিক আকাশবাণীর সঙ্গে কথাবার্তার সময় জানান যে কিডনী রোগের লক্ষণগুলির মধ্যে শরীর ফুলে যাওয়া ,উচ্চরক্তচাপ,শরীরে হিমোগ্লোবিনের মাত্রা কম হওয়া এবং হাড় দূর্বল হয়ে যাওয়া অন্যতম । সেইসঙ্গে তিনি কিডনী রোগের প্রারম্ভিক অবস্থায় নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার জন্য জনসাধারণের প্রতি আহ্বান জানান ।এই রোগ প্রতিরোধের জন্য নিয়মিতভাবে৩ শারিরীক ব্যায়াম ,সুষম আহার ,ওজন নিয়ন্ত্রণে রাখা এবং লবন সেবন সীমিত করার জন্য তিনি পরামর্শ দেন ।

---

কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ কোকরাঝার সফরে এসে ইউ পি পি এল - বিজেপি , ও অসম গণ পরিষদ দলের কর্মকর্তাদের এক বৈঠকে অংশ গ্রহণ করেন ।কোকরাঝারে উপস্থিত হোয়ার পর বড়োল্যান্ড স্বশাসিত পরিষদের মুখ্য কার্যবাহী আধিকারিক প্রমোদ বড়ো মন্ত্রীকে স্বাগত জানান । বৈঠকে আসাম বিজেপির সভাপতি ভবেশ কলিতা , কেবিনেট মন্ত্রী রঞ্জিত কুমার দাস সহ অন্যান্য বিশিষ্ট ব্যাক্তিরা উপস্থিত ছিলেন । মন্ত্রী আজ বরপেটায় এক জনসভায় অংশ গ্রহণ করেন । এই সভায় মন্ত্রী অতুল বরা , কেশব মহন্ত , বিজেপির রাজ্য সভাপতি ভবেশ কলিতা প্রমুখ উপস্থিত ছিলেন ।মন্ত্রী আজ বরপেটায় মিত্রজোটের প্রার্থী ফণীভূষণ চৌধুরীর সমর্থনে এক জনসভায় অংশ গ্রহণ করেন । অনুষ্ঠানে অংশ নিয়ে শ্রী সিং বলেন যে ভারতবর্ষের বিকাশের গতি অপ্রতিরোধ্য । সমগ্র বিশ্বে প্রধানমন্ত্রীর নেতৃত্বে দেশের বিকাশের জয়যাত্রা অব্যাহত বলে বিজেপির প্রবীন নেতা তথা কেন্দ্রীয় মন্ত্রী প্রকাশ করেন ।

---

সরকারী বিদ্যালয়ের শিক্ষার উন্নয়ন ,পরিকাঠামো উন্নয়ন ইত্যাদি সহ সমগ্র শিক্ষা ব্যাবস্থাকে মূল্যায়ন করার জন্য আসাম সরকারের আরম্ভ করা গুণোৎসব ২০২৪ এর ফলাফল আজ ঘোষণা করা হয় । গৌহাটীর শ্রীমন্ত শঙ্করদেব কলাক্ষেত্রে আয়োজিত এক অনুষ্ঠিত মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এই ফলাফল ঘোষণা করেন । রাজ্যের ৩৩ টি জেলার ৪৩ হাজার ৫৯১ টি বিদ্যালয় এবং ৩৯ লক্ষ শিক্ষার্থীকে অর্ন্তভুক্ত করে আয়োজিত এই গুণোৎসবে ৮১ শতাংশেরও অধিক বিদ্যালয় এ প্লাস অথবা এ গ্রেড লাভ করেছে । মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা এক অনুষ্ঠানে ২০২৩ বর্ষের গুণোৎসবে এ প্লাস গ্রেড লাভ করা ১২ হাজার ৪৭ টি বিদ্যালয়কে পারিতোষিক প্রদান করেন ।। এদিকে ঘোষণা করা ফলাফল অনুযায়ী গুণোৎসবে ২০২৪ এ শিবসাগর জেলা রাজ্যের মধ্যে শীর্ষ স্থান দখল করেছে । উল্লেখ্য রাজ্যের ৩৩ টি জেলায় অনুষ্ঠিত এই মূল্যায়নে শিবসাগর জেলা ধারাবাহিকভাবে পঞ্চমবারের জন্য শীর্ষ স্থান দখল করেছে ।

---

নাগরিক অধিকার রক্ষা সমন্বয় কমিটির আসাম রাজ্য কমিটির পক্ষ থেকে দেশভাগের বলি হয়ে ভারতে আসা ব্যাক্তিদের নিশ:র্তে নাগরিকত্ব প্রদানের দাবী জানানো হয়েছে । এ উপলক্ষ্যে আজ শিলচর সি টি ভি ও কার্যালয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মলনে সংগঠনের সভাপতি অধ্যাপক তপোধীর ভট্টাচার্য্য বলেন যে নাগরিকত্ব সংশোধনী আইনের নিয়মাবলী দেশভাগের বলি হয়ে এদেশে আসা ব্যাক্তিদের নাগরিকত্ব প্রদানের

প্রতিবন্ধকতার সৃষ্টি করেছে । সাংবাদিক সম্মেলনে সংগঠনের পক্ষে মধুসূদন কর , অধ্যাপক অজয় রায় , হিল্লোল ভট্টাচার্য্য প্রমুখ উপস্থিত ছিলেন।

---

করিমগঞ্জ জেলা পুলিশ বিভাগের ব্যবস্থাপনায় আগামীকাল সকাল ১১টায় জেলার জুনিটিলার পুলিশ রির্জাভ প্রাঙ্গনে আনুষ্ঠানিকভাবে ড্রাগস বিনষ্ট করা হবে । করিমগঞ্জ পুলিশ সুপারের কার্য্যলয়ের পক্ষ থেকে এখবর জানানো হয়েছে ।

---

করিমগঞ্জ জেলার রাতাবাড়ীর বিধায়ক বিজয় মালাকার আজ মূখ্যমন্ত্রী পাকাপথ নির্মান প্রকল্পের অধীনে চরগোলা গ্রাম পঞ্চায়েতের নাথ বস্তিতে ৬২ লক্ষ টাকা এবং দরগারবন্দ গ্রাম পঞ্চায়েতের ছনটিলা থেকে পাতিয়ালা গ্রাম পঞ্চায়েতের সংস্কৃত গ্রাম পর্য্যন্ত এক কোটী ৪৭ লক্ষ টাকা ব্যয়ে দুটি সড়কের শিলান্যাস করেছেন । এদিকে বিধায়ক শ্রী মালাকার আজ রামকৃষ্ণনগর প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে ৩০ শয্যা বিশিষ্ট গৃহেরও শুভ উদ্বোধন করেছেন ।

---